Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য মন্ত্রণালয়

বৈদেশিক সংগ্রহ শাখা

চলমান অভ্যন্তরীণ সংগ্রহ কার্যক্রমের পর্যালোচনা সংক্রান্ত বিষয়ে অনলাইন মতবিনিময় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ড. মোছাম্মৎ নাজমানারা খানুম<br>সচিব |
| সভার তারিখ | ২৯.০৭.২০২১ খ্রি. |
| সভার সময় | সন্ধা ৭:০০ ঘটিকা |
| স্থান | অনলাইন জুম প্লাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
অতিরিক্ত পরিচালক
উপপরিচালক (ইপি)
উপপরিচালক (আইপি)
উপপরিচালক (মিলিং)
(১) অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
(১.১) ৩০ কেজি বস্তা উপশাখা
(১.২) ৫০ কেজি বস্তা উপশাখা
(২) বৈদেশিক সংগ্রহ শাখা
(৩) মিলিং শাখা
ডাইরী নং-৪৬৭৪ তারিখঃ ০৪/৮/২২

মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
উপস্থাপন করুন
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
মন্তব্যসহ উপস্থাপন করুন
..........দিনের মধ্যে পেশ করুন
জরুরীভাবে পরিস্থাপন
স্বাক্ষর
৭২৭৩ ৪/৮/২২

সভাপতি মাননীয় মন্ত্রী জনাব সাধন চন্দ্র মজুমদারকে সভায় উপস্থিত থাকার জন্য কৃতজ্ঞতা জানিয়ে ও সংযুক্ত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। প্রথমেই তিনি মহাপরিচালক খাদ্য অধিদপ্তরকে অনুরোধ করেন চলমান অভ্যন্তরীণ সংগ্রহ কার্যক্রমের সর্বশেষ তথ্যাদি উপস্থাপনের জন্য।

২। মহাপরিচালক খাদ্য অধিদপ্তর জানান যে, গতকাল অর্থাৎ ২৮.০৭.২০২১ খ্রি. তারিখ পর্যন্ত ধান সংগ্রহ হয়েছে ৩,১০,৫৩৯ মে.টন, সিদ্ধ চাল ৭,৩৮,৪৯৫ মে.টন এবং আতপ চাল ৫৯,৬৬০ মে.টন সংগৃহীত হয়েছে।সংগ্রহের হার ধান ৪৭.৭৮%, সিদ্ধ চাল ৬৫.০৭% ও আতপ চাল ৫৯.৬৬%।

৩। এ পর্যায়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পরিচালক (সংগ্রহ) জানান যে, ৮৮ টি অটো রাইস মিল কোনো চালই দেয়নি। মাননীয় মন্ত্রী মহোদয় জানতে চান যে গত ০১.০৭.২০২১ খ্রি. তারিখের সভায় জানানো হয়েছে ৬৮টি অটো রাইস মিল কোনো চাল দেয়নি। তাহলে কোন তথ্যটি সঠিক। পরিচালক তথ্যগত ভুল রয়েছে বলে জানান।

৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ জানান যে, ৩টি অটো রাইস মিল এবং ৩২১টি হাস্কিং মিল কোনো চাল দেয়নি। আগামী ০৩.০৮.২০২১খ্রি. তারিখ পর্যন্ত তাদেরকে সময় দেয়া হয়েছে। এর মধ্যে চাল দিতে না পারলে আগ্রহীদেরকে দেয়া হবে। যদি কেউ আগ্রহী না থাকে তাহলে যারা চাল দিতে পারেনি তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।ময়মনসিংহ বিভাগে গত ২৮.০৭.২০২১ পর্যন্ত ধান সংগ্রহ হয়েছে ২০,৭০০ মেঃ টন, সিদ্ধ চাল সংগৃহীত হয়েছে ১,২৭,৮৪৮ মেঃ টন এবং আতপ চাল ৫,০৭৯ মেঃ টন।

৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম জানান যে, তার বিভাগে ৫টি অটো রাইস মিল এবং ১০৫টি হাস্কিং মিল কোনো চাল এ পর্যন্ত দেয়নি। চট্টগ্রাম বিভাগে ধান সংগ্রহ হয়েছে ৩৭১৮৪ মেঃ টন, সিদ্ধ চাল ৫৩,৭৪৪ মেঃ টন এবং আতপ চাল ২৪,০০৫ মেঃ টন। তিনি মনিটরিং ব্যবস্থাকে অর্থপূর্ণ করার জন্য খাদ্য বিভাগের ৬ষ্ঠ গ্রেডের কর্মকর্তাদের জরিমানা করার ক্ষমতা দেয়ার জন্য অনুরোধ জানান।

৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা জানান যে, তার বিভাগে ৫টি অটো রাইস মিল, ৬০৮টি হাসকিং মিল কোন চাল দেননি। তিনি আরো জানান যে, অনেক মিলের পুঁজি নেই প্রায়ই দেউলিয়া অবস্থা তাই তারা চাল দিতে কোনোভাবেই সক্ষম নয়। তারপরও এদেরকে সর্বশেষ ৩ (তিন) দিনের সময় দিয়ে চিঠি দেয়া হবে। ৩ (তিন) দিনের মধ্যে চাল দেয়া শুরু না করলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তিনি সভাকে জানান। খুলনা বিভাগে ধান সংগ্রহ হয়েছে ৪৮,৮০৮ মেঃ টন, সিদ্ধ চাল ৯২,১৯০ মেঃ টন এবং আতপ চাল ২,৬১৭ মেঃ টন।

৭। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,ঢাকা তিনি জানান তার বিভাগে ৫১৭টি হাস্কিং মিল সম্পূর্ণ চাল দিয়েছে, ২৪৮টি আংশিক চাল দিয়েছে। ১০১টি অটো রাইস মিল আংশিক চাল দিয়েছে। তবে ১০৪টি হাস্কিং মিল কোনো চাল দেয়নি। ঢাকা বিভাগে ধান সংগ্রহ হয়েছে এ পর্যন্ত ৩৪,৭০২ মেঃ টন, সিদ্ধ চাল ৭২,৪৩৮ মেঃ টন এবং আতপ চাল ১৮১৭ মেঃ টন।

৮। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর জানান তার বিভাগে ০৭টি অটো রাইস মিল ও ১৪০০ হাস্কিং মিল কোন চাল দেয়নি। তিনি জানান তার বিভাগে বিভিন্ন গুদামে ধান সংগ্রহের কারণে পর্যাপ্ত স্থান নেই। তাই যেসকল এলএসডির গুদামে ধান সংগ্রহ পর্যাপ্ত রয়েছে সেখান থেকে ধান ক্রাশিং এর অনুমতি প্রার্থনা করেন। রংপুর বিভাগে এ পর্যন্ত ধান সংগ্রহ হয়েছে ৭৭২৯৫ মেঃ টন, সিদ্ধ চাল ১,৯২,৪৩২ এবং আতপ ৫৪৩৫ মেঃ টন।

৯। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক সিলেট জানান যে ১৯ টি হাস্কিং মিল কোন চাল দেয়নি। সিলেট বিভাগে এ পর্যন্ত ধান সংগ্রহ হয়েছে ৩৬৩৯২ মেঃ টন, সিদ্ধ চাল ১৯৬৫৮ মেঃ টন এবং আতপ চাল ১৬০৯৭ মেঃ টন।

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী জানান তার বিভাগে ৪টি অটো রাইস মিল ও১২৩৭টি হাস্কিং মিল কোনো চাল দেয়নি। রাজশাহী বিভাগে এ পর্যন্ত ধান সংগ্রহ হয়েছে ৩৯০০২ মেঃ টন, সিদ্ধ চাল ১,৬৬,১৬৪ মেঃ টন এবং আতপ ৪৬০৯ মেঃ টন।

১১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল জানান তার বিভাগে ১১টি হাস্কিং মিল কোন চাল দেয়নি। বরিশাল বিভাগে গত ২৮.০৭.২০২১ পর্যন্ত ধান সংগ্রহ হয়েছে ১৬৪৫৭ মেঃ টন, সিদ্ধ চাল ১৪০২২ মেঃ টন।

অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ স্ব স্ব জেলা কমিটি এবং অটো ও হাস্কিং মিল মালিকদের সাথে সভা করে অ্যাকশন প্লান তৈরি করবেন। ফিডব্যাক অধিদপ্তরকে জানাতে হবে এবং অধিদপ্তর মন্ত্রণালয়কে অবহিত করবে;

(খ) সময়মত চাল প্রদানে ব্যর্থ মিল মালিকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে হবে। ভবিষ্যতে এদের কোনো বরাদ্দ দেয়া হবে না;

(গ) পুঁজিশূন্য, দেউলিয়া, প্রায় বন্ধ, সম্পূর্ণ বন্ধ মিলের তালিকা যারা প্রেরণ করেছেন এবং চুক্তিবদ্ধ হয়েছেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঘ) ফুড গ্রেইন লাইসেন্স প্রদান কার্যক্রম ১০০% নিশ্চিত করতে হবে এবং লাইসেন্স গ্রহীতাদের সাপ্তাহিক রিটার্ন নিতে হবে;

(ঙ) মাঠ পর্যায়ের খাদ্যশস্যের অবৈধ মজুতকারী আছে কিনা সে বিষয়ে তথ্য সংগ্রহ করতে হবে এবং অবৈধ মজুতদারদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(চ) দ্রুত সংগৃহীত ধান ক্রাসিংয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। হাওর অঞ্চল ব্যতীত অন্যান্য এলাকার যে এলএসডি থেকে ধান ক্রাসিং এর জন্য দেয়া হবে সে এলএসডিতে আর ধান কেনা যাবে না;

(ছ) চলমান সংগ্রহ কার্যক্রম প্রতি জেলায় ১০০% সাফল্যের জন্য সর্বাত্বক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে;

অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোছাম্মৎ নাজমানারা খানুম
সচিব

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৪.৩২.০০৬.২১.৩৭৯

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৮
০২ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
২) অতিরিক্ত সচিব , সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
৩) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়

মুহাম্মদ মাহবুবুর রহমান
সিনিয়র সহকারী সচিব (বৈদেশিক সংগ্রহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর, সংগ্রহ বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২১.২১-**২৩৯৬(১৯)**

তারিখ: **০৪/০৮**/২০২০ খ্রি:।

অনুলিপিঃ

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
৪। পরিচালক, প্রশাসন/হিসাব ও অর্থ/সংগ্রহ/সবাব/চসসা/পউকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। অবগতির জন্য।
৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)। মন্ত্রণালয়ের পত্রের মর্মানুযায়ী বিষয়টি সকল জেলা খাদ্য নিয়ন্ত্রকসহ সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ মনিরুজ্জামান)
অতিরিক্ত পরিচালক, সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।